কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, কুড়িগ্রাম
Kurigram Agricultural University, Kurigram

ভাইস-চ্যান্সেলর দপ্তর
vc@kuriau.edu.bd
www.kuriau.edu.bd

তারিখঃ ২১ জুলাই ২০২৫ খ্রি.

উত্তরায় মর্মান্তিক বিমান দুর্ঘটনায় হতাহতের ঘটনায় কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের শোকবার্তা

রাজধানীর উত্তরা দিয়াবাড়ি এলাকায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসে বাংলাদেশ বিমান বাহিনীর এফ-৭ বিজেআই প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে অসংখ্য শিক্ষার্থী নিহত ও আহতের ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম।

২১ জুলাই (সোমবার) এক শোকবার্তায় তিনি বলেন, "রাজধানীর উত্তরায় বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে মাইলস্টোন স্কুলের অনেক শিক্ষার্থী নিহত এবং দেড় শতাধিক আহত হওয়ার ঘটনায় আমরা গভীরভাবে শোকাহত ও ব্যথিত। এই মর্মান্তিক ঘটনায় আজ সারা জাতি শোকে মুহ্যমান। এমন হৃদয়বিদারক বিমান দুর্ঘটনায় শোক জানানোর ভাষা আমরা হারিয়ে ফেলেছি। মহান আল্লাহ রাব্বুল আলামিন যেন নিহতদের শাহাদাতের মর্যাদা এবং জান্নাতুল ফিরদৌস নসিব করেন। আল্লাহ যেন শোকার্ত পরিবারগুলোকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন। একই সাথে, গুরুতর দগ্ধ হয়ে যেসব শিক্ষার্থী হাসপাতালে মুমূর্ষু অবস্থায় চিকিৎসাধীন আছেন, তাদের আশু সুস্থতা কামনা করছি।" তিনি ক্ষতিগ্রস্তদের সহায়তায় সর্বস্তরের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানান এবং তারা যেন সর্বোচ্চ চিকিৎসা সেবা পায় সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানান।

স্বাক্ষরিত
২১/০৭/২০২৫
(প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম)
উপাচার্য
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়